

ক্যান্টনমেন্ট বোর্ড
জালালাবাদ সেনানিবাস
সিলেট।
www.jcbs.gov.bd

নং- ২৩.২২.৭০১৩.০০২.৩৩.০০৬.২২-২৪৯

তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেঙ্গী শাখার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে অস্থায়ী নিয়োগের মাধ্যমে পদ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর (ক)	পদের নাম ও সর্বসাকুল্য মাসিক বেতন (খ)	পদ সংখ্যা (গ)	শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য যোগ্যতা (ঘ)
১.	খন্ডকালীন গাড়ী চালক (হালকা) সর্বসাকুল্য মাসিক ১২,০০০/- (বার হাজার টাকা)।	০১(এক)টি	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এসএসসি পাস; উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে; ড্রাইভার হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তবলী

- আগামী ০৫/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে ৩০/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট-৩১০৪ ঠিকানা বরাবর আবেদনপত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি এ কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। মিথ্যা, অসম্পূর্ণ, ক্রেটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- প্রার্থীর বয়স আগামী ৩০/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত চাকরি ফরম ও প্রবেশপত্র জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের www.jcbs.gov.bd ওয়েবসাইট এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল রেকর্ড/কাগজপত্র ও সদ্য তোলা ০৩(তিন)কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা থেকে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। নিয়োগের ক্ষেত্রে কোটাসহ সরকারের প্রচলিত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত রেকর্ড/কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার মূল সনদপত্র। (খ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (গ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও জন্ম নিবন্ধন সনদের মূলকপি। (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই অস্ত্রে সঠিক ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তি-কে এসএমএস এর মাধ্যমে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার সময় জানানো হবে।
- খন্ডকালীন গাড়ী চালক (হালকা) কর্মচারীদের ক্ষেত্রে সর্বসাকুল্য মাসিক বেতনের ৫০% এর সমপরিমাণ ০২টি উৎসব ভাতা এবং ২০% নববর্ষ ভাতা প্রাপ্য হবে। উক্ত পদে উল্লিখিত আর্থিক সুবিধা ব্যতীত অন্য কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।
- উক্ত নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। উক্ত পদে স্থায়ীভাবে লোকবল নিয়োগ করা হলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। যে কোন সময় বাতিল করণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার ও আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।


০১.০৯.২০২২

(মোহাঃ সেলিনা বানু)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জালালাবাদ সেনানিবাস, সিলেট।
ফোন নং- ০২৯৯৬৬ ৪২৬৭২

অনুলিপি ৪ সদয় জ্ঞাতার্থে।

- মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
- স্টেশন সদর দপ্তর সিলেট
সিলেট সেনানিবাস।
- ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল)
..... সেনানিবাস।

অনুলিপি ৪ কার্যার্থে।

অফিস সুপার
ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস।